**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 26-04.2026** **Desk in Charge : Susmita M.**
**Time : 1-30PM** **Edit. & Compile : Debabrata M./ Subhankar B.**
**DEO : KB** **NRT : Debabrata Manadal**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের পরমাণু শক্তি বিকাশের পাশাপাশি দেশবাসীর জীবনধারার মান উন্নত করতে পরমাণু বিজ্ঞানীদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে।

**#** আজ আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে তিনি, জনগণনাকে সফল করে তুলতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

২/ প্রধানমন্ত্রী বলেছেন, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এমন শিল্পের পক্ষপাতি ছিলেন, যা কর্মসংস্থান সৃষ্টির সঙ্গে সঙ্গে গ্রামের'ও উন্নতি করবে।

৩/ 'ন্যাশনাল আর্কাইভ অফ ইন্ডিয়া', ২০ কোটিরও বেশি মূল্যবান ফাইলকে ডিজিটাইজড করেছে বলে প্রধানমন্ত্রী জানান।

৩/ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফার ভোটের জন্য প্রচার চলছে জোর কদমে। **#**আজ ফের রাজ্যে আসছেন বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী। **#**তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর একাধিক প্রচার কর্মসূচি রয়েছে কলকাতায়।

৪/ প্রখ্যাত চিত্র সাংবাদিক রঘু রাই প্রয়াত।

৫) দেশের উত্তর পশ্চিম এবং মধ্যাঞ্চলে আগামী তিনদিন তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৬/ IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, লক্ষ্ণৌ সুপার জায়েন্টসের বিরুদ্ধে খেলবে। অন্য ম্যাচে চেন্নাই সুপার কিংস মুখোমুখি হবে গুজরাট টাইটান্সের।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন-কি-বাত অনুষ্ঠানে, দেশেবাসীর জীবনধারার মান উন্নত করতে পরমাণু বিজ্ঞানীদের প্রচেষ্টার প্রশংসা করেছেন। দেশের পরমাণু বিজ্ঞানীদের সাফল্যের কথা তুলে ধরে তিনি জানিয়েছেন, তামিলনাড়ুর কালপক্কমে 'ফাস্ট ব্রিডার রিয়্যাক্টর ক্রিটিক্যালিটি' স্থাপনে সাফল্য পেয়েছেন ভারতীয় বিজ্ঞানীরা। ক্রিটিক্যালিটি হল সেই স্তর, যেখানে রিয়্যাক্টর প্রথমবার স্বনির্ভর-পারমাণবিক-বিক্রিয়ার-শৃঙ্খলায় সফলতা অর্জন করে। ভারতের পরমাণু শক্তি বিকাশের ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক মাইলফলক বলে প্রধানমন্ত্রী ১৩৩-তম মন-কি-বাতে মন্তব্য করেছেন। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে নির্মিত হয়েছে এই পরমাণু চুল্লি।

আজকের অনুষ্ঠানে দেশের বায়ুশক্তির বিকাশের কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, বায়ুশক্তি উৎপাদনে দেশ ইতিহাস তৈরি করেছে। ইতিমধ্যেই উৎপাদন ক্ষমতা ৫৬ কিগাওয়ার্টের বেশি। এক্ষেত্রে ভারত বিশ্বের চতুর্থ স্থানে রয়েছে। দেশের তরুণ প্রজন্ম এবং ইঞ্জিনিয়ারদের সম্মিলিত প্রচেষ্টাতেই এই অগ্রগতি। গুজরাটের কচ্ছ, পাটন, বনসকাঁথার মতো অঞ্চলে তৈরি হয়েছে বড়বড় পুনর্নবীকরণযোগ্য এনার্জী পার্ক। পরিচ্ছন্ন শক্তি উৎপাদনে দেশের প্রতিটি স্তরে প্রচেষ্টা জরুরী বলে তিনি উল্লেখ করেন।

(বাইট – উইন্ড এনার্জি / ২০ সে. )

বুদ্ধিপূর্ণিমা উপলক্ষে তিনি দেশবাসীকে অগ্রিম শুভ কামনা জানান। গৌতমবুদ্ধের উল্লেখ করে তিনি বলেন, এই সংঘর্ষময় ও উত্তেজনাপ্রবণ বিশ্বে ভগবান বুদ্ধের চিন্তা-ভাবনা আজও গুরুত্বপূর্ণ। বৌদ্ধ পরম্পরা সম্পর্কে তিনি কর্ণাটকের কর্মা মনেস্ট্রির কথা উল্লেখ করেন। এই মঠ এমন একটি অরণ্য ভূমি, যেখানে প্রায় ১-শো একরজুড়ে ৭-শোর বেশি দেশীয় বৃক্ষকে সংরক্ষিত করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, দেশে এখন একটি গুরুত্বপূর্ণ অভিযান চলছে- জনগণনা অভিযান। এবারের জনগণনাকে ডিজিট্যাল করা হয়েছে এবং এতে সকলকে অংশ নেওয়ার আহ্বান জানান তিনি ।

প্রধানমন্ত্রী বলেন, ২৩-শে জানুয়ারী থেকে ৩০-শে জানুয়ারী পর্যন্ত আমাদের দেশে **গণতন্ত্রের মহোৎসব** উদযাপন করা হয়। এর গুরুত্বপূর্ণ অংশ হলো, বিটিং রিট্রিট। এই মহোৎসব পৃথক পৃথক ব্যান্ডের বিভিন্ন সঙ্গীত পরম্পরাকে তুলে ধরে। বিটিং রিট্রিট-এর মিউজিক প্রথমবারের জন্য ওয়েভ্‌স OTT-তেও পাওয়া যাচ্ছে। তিনি বলেন, চমৎকার মিউজিকের পাশাপাশি প্রাণবন্ত ফর্মেশনের এই অনুষ্ঠান আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে।

( বাইট- সিঁদুর/ ৪৬ সে. )

**প্রকৃতি সংরক্ষণের** উপযোগিতার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, কচ্ছ-এর রান অঞ্চলে প্রতিবছর লক্ষ লক্ষ ফ্লেমিংগো পাখি আসে। এই অঞ্চল এখন ফ্লেমিঙ্গো সিটি হয়ে উঠেছে। মানুষ ও বন্যপ্রাণের সহযোগিতার একটি উল্লেখযোগ্য উদাহরণ হল- উত্তরপ্রদেশ। এখানে শুরু হয়েছে ‘গজমিত্র’-এর মত প্রয়াস। এর ফলে মানুষ ও হাতির সংঘাতের ঘটনা অনেকটাই কমানো গেছে। উপযুক্ত পদক্ষেপ নেওয়ায়, ছত্তিশগড়ের কৃষ্ণসার হরিণ এবং মরুভূমি অঞ্চলের গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড পাখির সংখ্যাও আগের থেকে অনেক বৃদ্ধি পেয়েছে। পাখিদের নতুন নতুন প্রজনন কেন্দ্র তৈরী করা হয়েছে।

ভারতের উত্তর-পূর্ব অঞ্চলকে **অষ্টলক্ষ্মী** নামে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এখানকার **বাঁশজাত** শিল্প, দেশের কর্মসংস্থান এবং উদ্ভাবনকে ত্বরান্বিত করেছে। বাঁশের বিভিন্ন পণ্যসামগ্রী উৎপাদনের জন্য তিনি ত্রিপুরার গোমতী জেলা, নাগাল্যান্ডের ডিমাপুর, মিজোরামের মামিথ এবং সিকিমের গ্যাংটকের নাম উল্লেখ করেন। বাঁশের তৈরী হস্তশিল্প সামগ্রী, ধূপকাঠি এবং অন্দর সজ্জার প্রশংসা করে প্রধানমন্ত্রী বাঁশের তৈরী জিনিসপত্র কেনার আহ্বান জানান।

( বাইট- বাঁশজাত দ্রব্য/ ২৭সে. )

সম্প্রতি ম্যাথস **অলিম্পিয়াড**-এ দেশের মেয়েদের সাফল্যের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের মধ্যে ভারত এই প্রতিযোগিতায় ষষ্ঠ স্থানে রয়েছে। দেশের জন্য স্বর্ণপদক জিতে মুম্বাই-এর শ্রেয়া মুন্দরা, ইতিহাস সৃষ্টি করেছেন। এপ্রসঙ্গে তিনি **কলকাতার**

**শ্রীময়ী** বেরার’ও প্রশংসা করেন। প্রত্যেক বছর সারা দেশের প্রায় ৬’লক্ষ ছাত্রী ওই অলিম্পিয়াডে অংশ নেন।

( বাইট- অলিম্পিয়াড-শ্রীময়ী/২৭সে. )

**ন্যাশনাল আর্কাইভ অফ ইন্ডিয়া**, একটি বিশেষ পোর্টালে এক চমৎকার ডেটাবেস শেয়ার করেছে। প্রধানমন্ত্রী বলেন, এই সংস্থাটি ২০ কোটির’ও বেশী ফাইলকে ডিজিটাইজ করেছে। এখানে **নেতাজী সুভাষ চন্দ্র** বোসের বক্তৃতা, রাণী লক্ষ্মীবাঈ সম্পর্কে কিছু মূল্যবান চিঠি সম্পর্কে অনেক নথি পাওয়া যায়।

( বাইট- আর্কাইভ/ ২৭ সে. )

**************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহণ আগামী বুধবার, ২৯শে এপ্রিল। ভোটগ্রহনকে কেন্দ্র করে রাজনৈতিক উত্তাপ এখন তুঙ্গে। ভোটারদের মন জয় করতে সব রাজনৈতিক দলের শীর্ষ নেতারা রাজ্যের বিভিন্ন প্রান্তে রোড-শো, র‍্যালি এবং জনসভা করছেন।
দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের আগে আজ আবারও রাজ্যে আসছেন বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদী। প্রথমে বনগাঁর ঠাকুরনগরে একটি জনসভায় তিনি বক্তব্য রাখবেন। দুপুর দেড়টা নাগাদ ঠাকুরনগরের সভা শুরু হওয়ার কথা। মতুয়া ঠাকুর মন্দিরেও যাবেন শ্রী মোদী। এরপর হুগলির হরিপালে দ্বিতীয় জনসভায় যোগ দেবার কথা তাঁর। বিকেলে উত্তর কলকাতার ঠনঠনিয়া কালিবাড়িতে পুজার্চনার পাশাপাশি বিকে পাল অ্যাভিনিউ থেকে খান্না ক্রসিং পর্যন্ত রোড শো করবেন তিনি।

রাজ্যের বিভিন্ন স্থানে একাধিক জনসভা ও রোড শো করছেন তৃণমূল কংগ্রেসের নেত্রী মমতা ব্যানার্জী এবং সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। দ্বিতীয় দফার নির্বাচনের আগে শেষ রবিবার নিজের কেন্দ্র ভবানীপুরে একাধিক প্রচার কর্মসূচি রয়েছে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জির। অভিষেক ব্যানার্জি আজ মগরাহাট পশ্চিম কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন। পাশাপাশি ফলতায় দলীয় প্রার্থীর সমর্থনে পদযাত্রায় অংশ নেবেন।

এদিকে গতকাল রাজ্যের একাধিক জনসভা করেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। হুগলীর শ্রীরামপুরে প্রচারের সময় কংগ্রেস নেতা রাহুল গান্ধী বলেন, শিল্পে পশ্চিমবঙ্গ ক্রমাগত পিছিয়ে পড়ছে।

কলকাতার শহীদ মিনার এবং মেটিয়াবুরুজেও গতকাল সভা করেন রাহুল গান্ধী। CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, প্রাক্তন পলিটব্যুরো সদস্য বৃন্দা কারাত আজ পানিহাটি ও খড়দা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় অংশ নেবেন।

*************************

প্রখ্যাত চিত্র সাংবাদিক রঘু রাই প্রয়াত। বয়স হয়েছিল ৮৩ বছর। আজ সকালে দিল্লীর এক হাসপাতালে এই কিংবদন্তী ফটোগ্রাফারের জীবনাবসান হয়েছে। তাঁর তোলা ছবিতে ভারতাত্মার প্রতিফলন ঘটেছে বলে মনে করা হয়। জনজীবন, মেলা, ও বহু বিখ্যাত ব্যক্তিত্বের ছবি তুলেছেন তিনি। এদের মধ্য দলাই লামা, মাদার টেরেসার বিখ্যাত পোট্রেট রয়েছে। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও ভূপালের গ্যাস দুর্ঘটনা নিয়ে তাঁর তোলা ছবি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করে। ১৯৭২ সালে পদ্মশ্রী সহ দেশ ও বিদেশের বিভিন্ন পুরস্কারে তিনি সম্মানিত হয়েছেন। ছয় দশকের কর্মজীবনে রাই তাঁর ক্যামেরা দিয়ে ইতিহাসের অসাধারণ দৃশ্যকাব্য রচনা করে গেছেন।

*************************

মহারাষ্ট্রের বেশিরভাগ অঞ্চল তীব্র তাপপ্রবাহের কবলে। তাপমাত্রার পারদ ৩২ ডিগ্রি সেলসিয়াস থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত করতে পারে। বিদর্ভ মারাঠাওয়াড়া ,মধ্য মহারাষ্ট্রে তাপপ্রবাহ এবং থানে মুম্বাই, রায়গড় ও রত্নাগিরি জেলাতে তাপপ্রবাহের হলুদ সর্তকতা জারি করা হয়েছ। দিল্লি, হরিয়ানা, চন্ডিগড়, ছত্রিশগড়, হিমাচল প্রদেশ, জম্মু-কাশ্মীর, লাদাখ, মধ্যপ্রদেশ, পাঞ্জাব, রাজস্থান, উত্তরপ্রদেশ এবং বিদর্ভে আগামীকাল পর্যন্ত তাপপ্রবাহের পরিস্থিতি থাকবে বলে ভারতীয় আবহাওয়া দপ্তর, আই এম ডি জানিয়েছে। অন্যদিকে ,কর্নাটকের উপকূলীয় অঞ্চল, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, গুজরাট, কেরালা, মাহে, কোঙ্কোণ, গোয়া, ওড়িশা, তামিলনাড়ু, পুদুচেরি, করাইকাল এবং উত্তর পূর্ব ভারতের কিছু অঞ্চলে উষ্ণ ও ঘর্মাক্ত আবহাওয়া থাকার সম্ভাবনা। IMD জানিয়েছে

অরুণাচল প্রদেশ ঝাড়খন্ড দক্ষিণ কর্ণাটক তেলেঙ্গানা এবং উত্তরাখন্ডে আগামী দু তিন দিন ঝড়ো হওয়ার সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*************************

গুজরাটের ১৫টি পৌরনিগম, ৮৪টি পৌরসভা ও ২০০টিরও বেশি জেলা ও তালুক পঞ্চায়েতের নির্বাচনের জন্য আজ ভোটগ্রহণ চলছে। আমেদাবাদ পৌরনিগমের নির্বাচনে ভোট দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। নির্বাচনের জন্য রাজ্যের প্রায় ৪৮ হাজার ভোটগ্রহণ কেন্দ্রে কড়া নিরাপত্তার আয়োজন করা হয়েছে। সন্ধ্যে ৬টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। ভোট গণনা ২৮ এপ্রিল।

*************************

ওয়াশিংটনের হিলটন হোটেলে হোয়াইট হাউস করেসপন্ডেন্টস অ্যাসোসিয়েশন ডিনার চলাকালীন লবিতে গুলি চলে বলেজানা গেছে। গুলির শব্দ শোনা মাত্রই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। রাষ্ট্রপতি ট্রাম্প, ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প এবং উপরাষ্ট্রপতি জেডি ভ্যান্স সকলেই সুরক্ষিত আছেন বলে জানানো হয়েছে।

হামলাকারীকে গ্রেফতার করা হয়েছে বলে এক সোশ্যাল মিডিয়া পোস্টে ট্রাম্প জানিয়েছেন। তিনি সিক্রেট সার্ভিস এবং আইন বলবতকারী সংস্থাগুলির কর্মিদের সাহসিকতা ও দ্রুত পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, এক নিরাপত্তা কর্মীকে খুব কাছ থেকে গুলি করা হলেও বুলেটপ্রুফ জ্যাকেট থাকায় তিনি প্রাণে বেঁচে গেছেন। বর্তমানে তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল। এ ধরনের হিংসাত্মক ঘটনা জনসমাগম বা গণতান্ত্রিক প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করতে পারবে না বলেও ট্রাম্প জানিয়েছেন।

ঘটনার পর হোটেলের চারপাশের রাস্তা সিল করে দিয়ে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে।

*************************

আইপিএল ক্রিকেটের ম্যাচে আজ লখনৌ সুপার জায়েন্টসের মুখোমুখি হবে কলকাতা নাইট রাইডার্স। লখনৌ এর অটল বিহারী বাজপায়ী একানা ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

অন্য ম্যাচে, দুপুর সাড়ে তিনটেয় চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে মাঠে নামবে গুজরাট টাইটানস। খেলা হবে চেন্নাইয়ের এমএ চিদাম্বরম স্টেডিয়ামে।

গতকালের ম্যাচে, সানরাইজার্স হায়দরাবাদ রাজস্থান রয়্যালসকে ৫ উইকেটে হারিয়ে দিয়েছে। অপর ম্যাচে পঞ্জাব কিংস ৬ ইউকেটে হারিয়েছে দিল্লি ক্যাপিটালসকে।

*********************************************************************